# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১০৪

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মযী বের হলে ওযূ আর বীর্য বের হলে গোসল ওয়াজিব

## ذِكْرُ إِيجَابِ الْوُضُوءِ مِنَ الْمَذْيِ وَالِاغْتِسَالِ مِنَ المني

আরবী

1104 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ حَدَّثَنَا بِشْرُ بْنُ مُعَاذٍ قَالَ: حَدَّثَنَا عَبِيدَةُ بْنُ حُمَيْدٍ الْحَذَّاءُ قَالَ: حَدَّثَنَا الرُّكَيْنُ بْنُ الرَّبِيعِ بْنِ عَمِيلَةَ عَنْ حُصَيْنِ بْنِ قَبِيصَةَ عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ قَالَ: كُنْتُ رَجُلًا مَذَّاءً فَجَعَلْتُ أَغْتَسِلُ فِي الشِّتَاءِ حَتَّى تَشَقَّقَ ظَهْرِي فَذَكَرْتُ ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ أَوْ ذُكِرَ لَهُ ـ فَقَالَ: (لَا تَفْعَلْ إِذَا رَأَيْتَ الْمَذْيَ فَاغْسِلْ ذَكَرَكَ وَتَوَضَّأْ وُضُوءَكَ للصلاة وإذا نضحت الماء فاغتسل)

الراوي : عَلِيّ بْن أَبِي طَالِبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1104 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১০৪. আলী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি প্রচুর মযী প্রবণ মানুষ ছিলাম। এজন্য আমি শীতকালে গোসল করতে শুরু করলাম, ফলে আমার পিঠ ফেটে যায়। অতঃপর ব্যাপারটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আলোচনা করলাম –অথবা আলোচনা করা হলো (অধঃস্থন রাবীর সন্দেহ)- তখন তিনি জবাবে বলেন, “তুমি এরকম করবে না। যখন তুমি মযী দেখবে, তখন তুমি তোমার পুরুষাঙ্গ ধুয়ে ফেলবে এবং সালাতের ন্যায় ওযূ করবে আর যখন তোমার বীর্যপাত ঘটবে তখন গোসল করবে।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৯২; মুসনাদ আহমাদ: ১/১০৯; নাসাঈ: ১/১১১, ১১২; আত তায়ালিসী: ১/১৪; তাহাবী, শারহুল মা‘আনিল আসার: ১/৪৬; মুসনাদ আহমাদ: ১/১৪৫; আবূ দাঊদ: ২০৬; সুনান বাইহাকী: ১/১১৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৫৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬০২, ৬০৩; তিরমিযী:

১১৪; ইবনু মাজাহ: ৫০৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90417

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন